কালের কণ্ঠ

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# মহসিন কলেজ ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ, আহত ৮

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রামে সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ ছাত্রলীগের দুই পক্ষের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে আহত হয়েছে অন্তত আটজন। গতকাল শনিবার দুপুরে এই ঘটনা ঘটে। পুলিশ লাঠিপেটা করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সংঘর্ষের সময় কলেজের আশপাশের সড়কে যানবাহন চলাচল সাময়িক বন্ধ ছিল। ফলে সড়কে যানজটের সৃষ্টি হয়।

ঘটনার বিষয়ে জানতে চাইলে মহানগর পুলিশের উপকমিশনার (দক্ষিণ) এস এম মোস্তাইন হোসেন কালের কণ্ঠকে বলেন, 'ছাত্রলীগের দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লাঠিপেটা করে।' তিনি বলেন, 'সরকারদলীয় দুই প্রভাবশালী নেতার অনুসারীরা সংঘর্ষে জড়িয়েছে বলে তথ্য পাওয়া গেছে।'

পুলিশের অন্য একজন দায়িত্বশীল কর্মকর্তা কালের কণ্ঠকে বলেন, 'সাবেক মেয়র মহানগর আওয়ামী লীগের সভাপতি মহিউদ্দিন চৌধুরী ও সাধারণ সম্পাদক বর্তমান মেয়র আ জ ম নাছিরের অনুসারীরাই চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজকে উত্তপ্ত করে রেখেছে। এই দুই নেতাকে দায়িত্ব নিয়েই সংঘর্ষ থামাতে হবে। না হলে পরিস্থিতি আরো অবনতির দিকে যেতে পারে।'

চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির নায়েক আবু হামিদ জানান, মহসিন কলেজে সংঘর্ষের ঘটনায় চারজনকে ক্যাজুয়ালিটি ওয়ার্ডে ভর্তি করা হয়েছে। অন্য চারজন প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছেন।

আহতরা হলো মহসিন কলেজের শিক্ষার্থী মায়মুন উদ্দিন মামুন, আনোয়ার হোসেন, জিসান, নূর উদ্দিন, মনিরুল ইসলাম, ছিদ্দিক সোহান, মোহাম্মদ আরমান ও সুমন।

পুলিশ কর্মকর্তারা জানান, দুপুর ১টার দিকে ছাত্রলীগ নেতা নামধারী ও বর্তমান মেয়রের অনুসারী হিসেবে পরিচিত রউফ তাঁর অনুসারীদের নিয়ে ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা করেন। এই সময় কলেজ ছাত্রলীগের কয়েকজনের সঙ্গে তাদের বাদানুবাদ হয়। পরে দুই পক্ষই দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

প্রসঙ্গত, চট্টগ্রাম কলেজ ও মহসিন কলেজ কয়েক দশক ধরে ছাত্রশিবিরের দখলে ছিল। এরপর ছাত্রলীগ এই দুই কলেজে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। এরপর থেকেই ওই দুই কলেজকে ঘিরে নিজেদের মধ্যে সংঘর্ষে জড়াচ্ছে ছাত্রলীগের নেতাকর্মীরা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর